

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে, প্রতারক চক্র মোবাইল ফোন ব্যবহার করে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পরিচয় দিয়ে সেবাগ্রহিতাদেরকে মিথ্যা প্রলোভন দেখিয়ে টাকা হাতিয়ে নেয়ার চেষ্টা করছে। এ কার্যালয় থেকে সকল অনুদান (সাধারণ চিকিৎসা, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা, শিক্ষাবৃত্তি, যৌথবীমা ও দাফন অনুদান) শুধুমাত্র EFT(Electric Fund Transfer) এর মাধ্যমে সেবাগ্রহিতাদের ব্যাংক হিসাবে পৌঁছে দেয়া হয়। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কখনোই কারো বিকাশ, নগদ, রকেট এর একাউন্ট নম্বর, পিন, OTP বা কোন ধরনের মোবাইল ব্যাংকিং এর পিন জানতে চায় না। অনুদানের অর্থ পাওয়ার জন্য কোন ব্যক্তি বিশেষের প্রলোভনে পড়ে প্রতারিত হয়ে লেনদেন না করার বিষয়ে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হলো এবং এরূপ কোন লেনদেন করলে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড দায়ী হবে না।